

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখা: কারিগরি-১
www.tmed.gov.bd

নথি নং-৩৭.০০.০০০০.০৭৬.০৯.০১০.২০১৬-৩৮

তারিখ: ৩০ পৌষ ১৪২৫ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

২য় কারণ দর্শানোর নোটিশ

যেহেতু, আপনি জনাব আবু জাহের, জুনিয়র ইনস্ট্রাক্টর (সিভিল), কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট বিগত ২৭/০৬/২০০৯ হতে অদ্যাবধি (৬০ দিনের অধিক) কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন ; এবং


যেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) অনুযায়ী ‘অসদাচরণ’ ও বিধি ৩ এর উপবিধি (সি) অনুযায়ী ‘ডিজারশন’ এর অপরাধ বিবেচনায় আপনার বিরুদ্ধে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রস্তুতক্রমে আপনাকে পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সন্তোষজনক কারণ দর্শানোর নোটিশ প্রদানের পরিপ্রেক্ষিতে আপনি নির্ধারিত সময়ে কোন জবাব দেননি ; এবং

যেহেতু, এতদুদ্দেশ্যে নিযুক্ত তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) অনুযায়ী ‘অসদাচরণ’ ও বিধি ৩ এর উপবিধি (সি) অনুযায়ী ‘ডিজারশন’ এর অভিযোগ যৌক্তিক ও সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে ; এবং

যেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (ঘ) অনুযায়ী গুরুদণ্ডের আওতায় আপনাকে ২৭/০৬/২০০৯ খ্রি. তারিখ হতে চাকরি থেকে ‘বরখাস্ত’ করা যুক্তিযুক্ত বলে প্রতীয়মান হয়েছে ;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী ‘অসদাচরণ’ ও বিধি ৩ এর উপবিধি (গ) অনুযায়ী ‘পলায়ন’ এর অভিযোগ যৌক্তিক ও সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৭ (৯) এর আলোকে ‘গুরুদণ্ডের’ আওতায় কেন আপনাকে ২৭/০৬/২০০৯ খ্রি. তারিখ হতে চাকরি থেকে ‘বরখাস্ত’ করা হবে না সে বিষয়ে এ কারণ দর্শানোর নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ বরাবর লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ দেয়া গেল। নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব না পাওয়া গেলে উল্লিখিত বিষয়ে আপনার কোন বক্তব্য নেই বলে ধরে নেয়া হবে এবং আপনার বিরুদ্ধে বিধি অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। এ সাথে তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের কপি প্রেরণ করা হল।

সংযুক্ত : বর্ণনামতে ০২ পাতা।


৩০.১.২০১৯
(মোঃ আলমগীর)
সচিব

বর্তমান ঠিকানাঃ

জনাব আবু জাহের
জুনিয়র ইনস্ট্রাক্টর (সিভিল)
কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট, কুমিল্লা।

স্থায়ী ঠিকানাঃ

জনাব আবু জাহের
পিতা মোঃ আবু তাহের
গ্রামঃ চতর, পোঃ বি.ও,এফ,এস ও ১৭০৩
থানা/উপজেলাঃ গাজীপুর সদর, জেলাঃ গাজীপুর।